

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
(জেএম শাখা)  
[www.khagrachhari.gov.bd](http://www.khagrachhari.gov.bd)

নম্বর : ০৫.৪২.৪৬০০.০১২.২৭.০০২.২৪- ২২০০ (ক)

তারিখঃ ২১ অগ্রহায়ন ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা [www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd) এবং [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে এবং উক্ত কার্যক্রম চলমান রয়েছে।

০২। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে আহত হয়েছেন অথবা চিকিৎসাধীন আছেন কিন্তু তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা হয়েছে।

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তিনি নিজে বা তাঁর পরিবারের সদস্য বা আত্মীয়কে জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আগামী ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা অথবা সরাসরি- ২য় তলা, ভবন নং- ২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা – ১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে এবং ই-মেইলে আবেদন [muspecialcell36@gmail.com](mailto:muspecialcell36@gmail.com) ঠিকানায় পাঠাতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের তথ্যসহ আবেদন দাখিল করার জন্য আহ্বান করা হলো।

(মো: সহিদুজ্জামান)

জেলা ম্যাজিস্ট্রেট

খাগড়াছড়ি পার্বত্য জেলা

ফোন : ০২৩৩৩৩৪৩৮১১; ফ্যাক্স : ০২৩৩৩৩৪৩৭২৮

e-mail: [dckhagrachhari@mopa.gov.bd](mailto:dckhagrachhari@mopa.gov.bd)